

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

তারিখ: ০৭ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ/২০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০৫-আইন/২০১৬—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল,
যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৪) জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে—

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রবেশ পদ (প্রভাষক/লেকচারার) এবং স্ব-শাসিত (Public Bodies) প্রতিষ্ঠানসমূহে ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন জাতীয় বেতন ক্ষেত্র, ২০১৫ এর ৯ম গ্রেডে একটি অতিরিক্ত অঞ্চিত বেতন বৃদ্ধির সুবিধাসহ নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে $(২২০০+১১০)=২৩১০০$ টাকা; এবং

(৫০২১)

মূল্য : টাকা 8.00

(খ) পদোন্নতির মাধ্যমে ৯ম গ্রেডপাণ্ড কর্মচারীগণের বেতন জাতীয় বেতন ক্ষেল, ২০১৫
এর ৯ম গ্রেডে নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে
২২০০০ টাকা।

ব্যাখ্যা।— উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত শিক্ষক ও কর্মচারীগণ উক্ত উপ-অনুচ্ছেদের
বিধান অনুযায়ী চাকুরির প্রবেশ পথে এক বা একাধিক অগ্রিম বেতন বৃদ্ধির সুবিধাসহ এই
উপ-অনুচ্ছেদের দফা (ক) এ উল্লিখিত একটি অতিরিক্ত বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য
হইবেন।”।

২। বিশেষ বিধান।—চাকরি [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠানসমূহ] (বেতন ও
ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৪) এর দফা (ক) তে যাহা কিছুই
থাকুক না কেন, এই আদেশ জারীর পূর্বে, ইতোমধ্যে পার্বলিক বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক জাতীয়
বেতনক্ষেল, ২০১৫ অনুযায়ী ৮ম গ্রেডে বেতন নির্ধারণের পর যে ধাপে তাঁহার বেতন নির্ধারিত
হইয়াছে পুনরায় উক্ত শিক্ষকের ৯ম গ্রেডে বেতন নির্ধারণের ক্ষেত্রে ইতোপূর্বে ৮ম গ্রেডে নির্ধারিত
বেতন হইতে কম বেতন প্রাপ্ত হইবেন না; সেইক্ষেত্রে নতুন করিয়া ৯ম গ্রেডে বেতন নির্ধারণকালে
তাঁহার বেতন ৯ম গ্রেডের সংশ্লিষ্ট ধাপের সমান হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে এবং
যদি অনুরূপ ক্ষেলে (৯ম গ্রেডে) উক্ত অংকের সমান কোন ধাপ না থাকে তাহা হইলে পরবর্তী উচ্চতর
ধাপে বেতন নির্ধারণ করিতে হইবে।

৩। ইহা ১ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মমতাজ-আলা-শাকুর আহমেদ
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd